বার্কলের আত্মগত ভাববাদ ঃ

লকের মতে জড়বস্তুর অস্তিত্ব থাকলেও তাকে আমরা তাকে আমরা সরাসরি প্রত্যক্ষ করি না, জড়বস্তুকে জানি পরোক্ষভাবে ধারণার মাধ্যমে। লকের কথায় জড়বস্তুর স্বরূপ আমাদের কাছে অজ্ঞাত ও অজ্ঞেয়। লকের এই অভিমত বার্কলে গ্রহণ করেননি। বার্কলের মতে -জড়বস্তু আছে কিন্তু তাকে জানা যায় না-লকের এই উক্তি স্ববিরোধী। অভিজ্ঞতাবাদের দৃষ্টিভঙ্গি থেকে, যা আছে তাকে দেখা যাবে,অনুভব করা যাবে। যার প্রত্যক্ষ অনুভব নেই অভিজ্ঞতাবাদের দৃষ্টিভঙ্গি থেকে তা নেই।এই তত্ত্বটি বার্কলে স্মরণীয় একটি ল্যাটিন বাক্যে প্রকাশ করা যায় – Esse Est Percipi অর্থাৎ অস্তিত্ব প্রত্যক্ষ নির্ভর।

বার্কলের মতে যা জ্ঞাত,যা অনুভূত তাই কেবল সৎ। ধারণা জ্ঞাত বা অনুভূত । কাজেই ধারণা সৎ। আবার ধারণা মন নির্ভর । ধারণা থাকে মনে । অতএব মনও সৎ। অতএব এই জগতে আছে কেবল আমার মন এবং তার ধারণা।এই হল আত্মগত ভাববাদ।